

Sangbad Pratidin - Mahanagar

ফ্রিটোলে বিস্কুট

স্টাফ রিপোর্টার : মুখরোচক ক্রয়াকার বাজারে নিয়ে এল পেপসিকো। যার নাম দেওয়া হয়েছে অ্যালাইভা। নানা স্বাদের এই ক্রয়াকার আসলে ডাল ও আটার তৈরি বিভিন্ন মশলার মিশ্রণে একধরনের বিস্কুট। সোমবার কলকাতার বাজারে সংস্থার এই নতুন পণ্যটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন পেপসিকো-র সহযোগী সংস্থা ফ্রিটোলে ইন্ডিয়া'র অন্যতম কর্তা বিদুর ব্যাস। হাওড়ার সাঁকরাইলে যেখানে ফ্রিটোলের কারখানায় সংস্থার অন্যতম জনপ্রিয় দুই মুখরোচক পণ্য লেইজ ও কুরকুরে তৈরি হয়, সেখানে অ্যালাইভা উৎপাদন হবে না। পুনে থেকেই এই পণ্যটির উৎপাদন হবে।